গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১১২

তারিখ: ৪ বৈশাখ ১৪২৭
১৭ এপ্রিল ২০২০

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

আজ ১৭/০৪/২০২০ খ্রিঃ (সকাল ০৯:০০ টা থেকে) সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস: নোয়াখালী এবং চট্রগ্রাম অঞ্চলসমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৬০-৮০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ২ নম্বর নৌ হুশিয়ারী সংকেত (পুনঃ) ২ নম্বর নৌ হুশিয়ারী সংকেত দেখাতে বলা হয়েছে। ঢাকা, টাঙ্গাইল, ফরিদপুর, খুলনা, বরিশাল, ময়মনসিংহ, পটুয়াখালী, কুমিল্লা এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। তাই দেশের সকল নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে।মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

পূর্বাভাসঃ ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক জায়গায়; রংপুর ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় এবং ঢাকা ও রাজশাহী বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলা বৃষ্টি হতে পারে। এছাড়া খুলনা ও বরিশাল বিভাগে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

২৪ ঘন্টার বৃষ্টিপাতের পরিমাণ (আজ সন্ধ্যা ০৬ টা পর্যন্ত) এবং আজকের সর্বোচ্চ ওগতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্রগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৫.৩	৩০.০	৩৬.২	৩২.৭	৩৪.১	৩১.৩	৩৪.৯	৩৫.৩
সর্বনিম্ন তাপমাত্রা	২০.০	১৯.৬	২৪.২	১৭.৯	২১.২	১৯.০	২৩.০	২৬.২

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল রাঙ্গামাটি ৩৬.২° এবং আজকের সর্বনিম্ন সিলেট ১৭.৯° সেঃ।

অগ্নিকান্ডঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৫/০৪/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১৬/০৪/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ২৫ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৭	০	০
২।	ময়মনসিংহ	২	০	০
৩।	বরিশাল	১	০	০
৪।	সিলেট	৩	০	০
৫।	রাজশাহী	২	৪	০
৬।	রংপুর	১	০	০
৭।	চট্টগ্রাম	৪	০	০
৮।	খুলনা	৫	০	০

	মোট	২৫	৪	০

উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য):

১। পাবনাঃ ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার টেলিফোনে জানান যে, গত ১৬.০৪.২০২০ তারিখ সকাল ১১.১৩ মিনিটে পাবনা জেলার বেড়া উপজেলায় শেখ পাড়ায় রান্নাঘর ও বসত ঘরে গ্যাস সিলিন্ডার থেকে আগুন লাগে। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের ২ টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে গিয়ে দুপুর ১২.৪৫ মিনিটে অগ্নি নির্বাপন করে। অগ্নিকান্ডে ৪ জন আহত হয়।

ভূমিকম্পঃ গত ১৬/০৪/২০২০ খ্রিঃ তারিখে বিকাল ০৫ টা ৪৫ মিনিট ২৩ সেকেন্ডের সময় একটি ভূমিকম্প অনুভূত হয়। ভূমিকম্পের অবস্থান ছিল ঢাকার আগারগাঁওস্থ ভূমিকম্প পর্যবেক্ষণ কেন্দ্র থেকে ৩৮৭ কি.মি. পূর্ব দিকে মায়ানমারে। ভূমিকম্প কেন্দ্রে এর মাত্রা ছিল ৫.৭ রিখটার স্কেল (মাঝারী মাত্রা)।

করোনা ভাইরাস সংক্রান্ত তথ্যঃ

১। বিশ্ব পরিস্থিতিঃ

গত ১১/০৩/২০২০ খ্রিঃ তারিখ জেনেভাতে বিশ্ব স্বাস্থ্য সংস্থার সদর দপ্তর হতে বিদ্যমান কোভিড-১৯ পরিস্থিতিকে বিশ্ব মহামারী ঘোষনা করা হয়েছে। সারা বিশ্বে কোভিড-১৯ রোগটি বিস্তার লাভ করেছে। এ রোগে বহুলোক ইতোমধ্যে মৃত্যুবরণ করেছে। কয়েক লক্ষ মানুষ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। আগামী দিনগুলোতে এর সংখ্যা আরো বাড়ার আশংকা রয়েছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার ১৬/০৪/২০২০ খ্রিঃ তারিখ এর করোনা ভাইরাস সংক্রান্ত Situation Report অনুযায়ী সারা বিশ্বের কোভিড-১৯ সংক্রান্ত তথ্য নিম্নরূপঃ

ক্রঃ নং	বিবরণ	বিশ্ব	দক্ষিণ-পূর্ব এশিয়া
০১	মোট আক্রান্ত	১৯,৯১,৫৬২	২১,৭৯০
০২	২৪ ঘন্টায় নতুন আক্রান্তের সংখ্যা	৭৬,৬৪৭	১,৫০৩
০৩	মোট মৃত ব্যক্তির সংখ্যা	১,৩০,৮৮৫	৯৯০
০৪	২৪ ঘন্টায় নতুন মৃত্যুর সংখ্যা	৭,৮৭৫	৫৪

২। বাংলাদেশ পরিস্থিতিঃ

স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ্ ইমার্জেন্সী অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনষ্টিটিউট এবং প্রধানমন্ত্রীর দুর্যোগ ব্যবস্থাপনার সমন্বয় ও ত্রাণ তৎপরতা মনিটরিং সেল হতে প্রাপ্ত তথ্যাদি নিম্নে প্রদান করা হলোঃ

(ক) গত ১৬ই এপ্রিল, ২০২০ খ্রিঃ তারিখে সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নিমূল) আইন, ২০১৮ (২০১৮ সালের ৬১ নং আইন) এর ১১ (১) ধারার ক্ষমতাবলে সমগ্র বাংলাদেশকে সংক্রমণের ঝুকিঁপূর্ণ এলাকা ঘোষণা করা হয়েছে।

(খ) বাংলাদেশে কোভিড-১৯ পরীক্ষা, সনাক্তকৃত রোগী, রিকোভারী এবং মৃত্যু সংক্রান্ত তথ্য (১৬/০৪/২০২০খ্রিঃ):

	গত ২৪ ঘন্টা	অদ্যাবধি
কোভিড-১৯ পরীক্ষা হয়েছে এমন ব্যক্তির সংখ্যা	২,১৩৫	১৭,০০৩
পজিটিভ রোগীর সংখ্যা	৩৪১	১,৫৭২
কোভিড-১৯ আক্রান্ত ব্যক্তির মধ্যে রিকোভারিপ্রাপ্ত রোগীর সংখ্যা	০	৪৯
কোভিড-১৯ আক্রান্ত রোগীর মৃত্যুর সংখ্যা	১০	৬০

(গ) বাংলাদেশে করোনা ভাইরাস (কোভিড-১৯) আইসোলেশন ও কোয়ারেন্টাইন সংক্রান্ত তথ্য (গত ১০/০৩/২০২০ খ্রিঃ থেকে ১৭/০৪/২০২০ খ্রিঃ তারিখ):

বিষয়	সংখ্যা (জন)
হাসপাতালে আইসোলেশনে চিকিৎসাধীন মোট ব্যক্তির সংখ্যা	৬৬৮
হাসপাতালে আইসোলেশন হতে ছাড়পত্র প্রাপ্ত ব্যক্তির সংখ্যা	২১৭
বর্তমানে হাসপাতালে আইসোলেশনে থাকা ব্যক্তির সংখ্যা	৪৫১
মোট কোয়ারেন্টাইনে থাকা ব্যক্তির সংখ্যা	১,০৮,৮৪৫
কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত ব্যক্তির সংখ্যা	৬৭,৩৬৭
বর্তমানে কোয়ারেন্টাইনে থাকা ব্যক্তির সংখ্যা	৪১,৪৭৮
মোট হোম কোয়ারেন্টাইনে থাকা ব্যক্তির সংখ্যা	১,০৪,১৮০
হোম কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত ব্যক্তির সংখ্যা	৬৬,৭১২
বর্তমানে হোম কোয়ারেন্টাইনরত ব্যক্তির সংখ্যা	৩৭,৪৬৮
হাসপাতালে কোয়ারেন্টাইন থাকা ব্যক্তির সংখ্যা	৪,৬৬৫
হাসপাতাল কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত ব্যক্তির সংখ্যা	৬৫৫
বর্তমানে হাসপাতাল কোয়ারেন্টাইনে থাকা ব্যক্তির সংখ্যা	৪,০১০

(ঘ) বাংলাদেশে নভেল করোনা ভাইরাস (COVID-19) রোগে কোয়ারেন্টাইন এবং আইসোলোশনের প্রতিবেদন (বিভাগওয়ারী তথ্য ১৭/০৪/২০২০ খ্রিঃ তারিখ সকাল ০৮ টার পূর্বের ২৪ ঘন্টার তথ্য):

ক্রঃ নং	বিভাগের নাম	২৪ ঘন্টায় (পূর্বের দিন সকাল ০৮ ঘটিকা থেকে অদ্য সকাল ০৮ ঘটিকা পর্যন্ত)									
		কোয়ারেন্টাইন						হাসপাতালে আইসোলেশান		রোগীর তথ্য	
		হোম কোয়ারেন্টাইন		হাসপাতাল ও অন্যান্য স্থান		মোট					
		হোম কোয়ারেন্টাইনে পাঠানো ব্যক্তি/যাত্রীর সংখ্যা	হোম কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত ব্যক্তি/যাত্রীর সংখ্যা	কোয়ারেন্টাইনে অবস্থানরত রোগীর সংখ্যা	হাসপাতালে কোয়ারেন্টাইন হতে ছাড়প্রাপ্ত রোগীর সংখ্যা	মোট কোয়ারেন্টাইনরত রোগীর সংখ্যা	মোট কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত রোগীর সংখ্য	আইসোলেশনে চিকিৎসাধীন রোগীর সংখ্যা	আইসোলেশন হতে ছাড়পত্র প্রাপ্ত রোগীর সংখ্যা	কোভিড-১৯ প্রমানিত রোগীর সংখ্যা	হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা
০১	ঢাকা	৫৪১	১১৬	৩২১	-	৮৬২	১১৬	২৩	৬	-	-
০২	ময়মনসিংহ	১১৫	১৩	-	-	১১৫	১৩	৯	-	-	-
০৩	চট্টগ্রাম	৬৭২	২৬	৪৭	০৪	৭১৯	৩০	১৪	৪	-	-
০৪	রাজশাহী	১১৫২	১১৮	৩০	২	১১৮২	১২০	৮	১	-	-
০৫	রংপুর	৯৬১	৩৯	৬৯	১৯	১০৩০	৫৮	১	১	-	-
০৬	খুলনা	৭৪৬	৪০১	৩১৮	২৭	১০৬৪	৪২৮	১৩	৮	-	-
০৭	বরিশাল	৫১৮	৪০	৪	-	৫২২	৪০	১২	-	-	-
০৮	সিলেট	২৭১	৫৫	১	২	২৭২	৫৭	৫	৩	-	-
	সর্বমোট	৪৯৭৬	৮০৮	৭৯০	৫৪	৫৭৬৬	৮৬২	৮৫	২৩	-	-

(ঙ) বাংলাদেশে নভেল করোনা ভাইরাস (COVID-19) রোগে কোয়ারেন্টাইন এবং আইসোলোশনের প্রতিবেদন (বিভাগওয়ারী তথ্য, ১০/০৩/২০২০ খ্রিঃ হতে ১৭/০৪/২০২০ খ্রিঃ সকাল ৮ টা পর্যন্ত):

ক্রঃ নং	বিভাগের নাম	১০/০৩/২০২০ খ্রিঃ হতে সর্বমোট/অদ্যাবধি									
		কোয়ারেন্টাইন						হাসপাতালে আইসোলেশান		রোগীর তথ্য	
		হোম কোয়ারেন্টাইন		হাসপাতাল ও অন্যান্য স্থান		সর্বমোট					
		হোম কোয়ারেন্টাইনে পাঠানো ব্যক্তি/যাত্রীর সংখ্যা	হোম কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত ব্যক্তি/যাত্রীর সংখ্যা	হাসপাতাল কোয়ারেন্টাইনে অবস্থানরত রোগীর সংখ্যা	কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত রোগীর সংখ্যা	সর্বমোট কোয়ারেন্টাইনরত রোগীর সংখ্যা	সর্বমোট কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত রোগীর সংখ্য	আইসোলেশনে চিকিৎসাধীন রোগীর সংখ্যা	আইসোলেশন হতে ছাড়পত্র প্রাপ্ত রোগীর সংখ্যা	কোভিড-১৯ প্রমানিত রোগীর সংখ্যা	হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা
০১	ঢাকা	২২৪৪৯	১৫৪২৭	১০৮৩	১০৪	২৩৫৩২	১৫৫৩১	১৬৯	৪৪	৫৭৩	-

০২	ময়মনসিংহ	৩৬২৩	২৯৬৪	১০৬	৩৭	৩৭২৯	৩০০১	৫৫	-	৩২	-
০৩	চট্টগ্রাম	২২৪৭৪	১৬৩৬০	৪২৬	৮৫	২২৯০০	১৬৪৪৫	১৫০	৪৬	৬৯	-
০৪	রাজশাহী	১২৯১৬	৭৩৪০	১১০	৪০	১৩০২৬	৭৩৮০	৫৩	২৬	৩	-
০৫	রংপুর	১০৪১৯	৩৩৩৮	৩২৫	৪৮	১০৭৪৪	৩৩৮৬	৩৮	১২	৩৬	-
০৬	খুলনা	২০০৩৯	১৪৯১৯	২০৭৮	২৭৬	২২১১৭	১৫১৯৫	১১২	৭৮	৩	-
০৭	বরিশাল	৬১৩৭	৩১০৪	৪০১	২	৬৫৩৮	৩১০৬	৭১	৬	২৫	-
০৮	সিলেট	৬১২৩	৩২৬০	১৩৬	৬৩	৬২৫৯	৩৩২৩	২০	৫	৭	-
	সর্বমোট	১০৪১৮০	৬৬৭১২	৪৬৬৫	৬৫৫	১০৮৮৪৫	৬৭৩৬৭	৬৬৮	২১৭	৭৪৮	

(চ) কোভিড-১৯ সংক্রান্ত লজিষ্টিক মজুদ ও সরবরাহ সংক্রান্ত তথ্য (১৬/০৪/২০২০খ্রিঃ তারিখ পর্যন্ত):

সরঞ্জামের নাম	মোট সংগ্রহ	মোট বিতরণ	বর্তমান মজুদ
পিপিই (PPE)	১৪,৪৬,৬১৬	১০,৫০,৪৬৪	৩,৯৬,১৫৩

(ছ) সারাদেশে ৬৪ জেলার সকল উপজেলা ও জেলা পর্যায়ে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনের জন্য প্রস্তুত করা হয়েছে-৪৮৮ টি প্রতিষ্ঠান
এবং এর মাধ্যমে তাৎক্ষনিকভাবে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনের সেবা প্রদান করা যাবে-২৬,৩৫২ জনকে।

(জ) স্বেচ্ছাসেবী হিসেবে করোনা ভাইরাস সংক্রমণ সংক্রান্ত তথ্য ও চিকিৎসাসেবা প্রদানে হটলাইনে যুক্ত চিকিৎসক সংখ্যা
(১৬/০৪/২০২০খ্রিঃ তারিখ পর্যন্ত): ৩,৮৫৩ জন।

(ঝ) কোভিড-১৯ চিকিৎসা ব্যবস্থাপনা ও হাসপাতাল সংক্রমণ এবংনিয়ন্ত্রণের জন্য প্রশিক্ষন (১৬/০৪/২০২০খ্রিঃ তারিখ পর্যন্ত):

চিকিৎসক (জন)	নার্স (জন)
৩,৬২৫	১,৩১৪

(ঞ) আশকোনা হজ্ব ক্যাম্পে বাংলাদেশ সেনাবাহিনীর ব্যবস্থাপনায় ৩০০ জনকে কোয়ারেন্টাইন এ রাখার ব্যবস্থা করা হয়েছে। তবে বর্তমানে উক্ত ক্যাম্পে মোট ৩২১ জন কোয়ারেন্টাইনে রয়েছে। গতকাল ১৫ ই এপ্রিল ২০২০ তারিখে সৌদি আরব হতে প্রত্যাগত ৩০৯ জন বাংলাদেশি এই কোয়ারেন্টাইনরত ব্যক্তিদের মধ্যে রয়েছেন।

(ট) করোনা ভাইরাস পরিস্থিতি মোকাবিলায় লকডাউনকৃত বিভাগ/জেলা/এলাকার বিবরণ (১৬/০৪/২০২০ খ্রিঃ সকাল ০৮.০০ টা পর্যন্ত):

ক্রঃ	বিভাগের নাম	পূর্ণাঙ্গভাবে লকডাউনকৃত জেলা	সংখ্যা	যে সকল জেলার কিছু কিছু এলাকা লকডাউন করা হয়েছে	সংখ্যা
১।	ঢাকা	গাজীপুর, গোপালগঞ্জ, কিশোরগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, রাজবাড়ী, শরিয়তপুর ও টাঙ্গাইল	০৮	ঢাকা, ফরিদপুর, মানিকগঞ্জ, মাদারীপুর ও মুন্সিগঞ্জ	০৫
২।	ময়মনসিংহ	-	-	ময়মনসিংহ, নেত্রকোনা, জামালপুর ও শেরপুর	০৪
৩।	চট্টগ্রাম	কক্সবাজার, কুমিল্লা,লক্ষীপুর, নোয়াখালী, চাঁদপুর ও ব্রাহ্মণবাড়ীয়া	০৬	-	-
৪।	রাজশাহী	রাজশাহী	০১	-	-
৫।	রংপুর	রংপুর, গাইবান্ধা, নীলফামারী, দিনাজপুর ও লালমনিরহাট	০৫	কুড়িগ্রাম ও ঠাকুরগাঁও	০২
৬।	খুলনা	চুয়াডাঙ্গা	০১	খুলনা, বাগেরহাট, যশোর, নড়াইল ও কুষ্টিয়া	০৫
৭।	বরিশাল	বরিশাল	০১	পটুয়াখালী, ভোলা, বরগুনা, পিরোজপুর ও ঝালকাঠি	০৫

৮।	সিলেট	সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার ও সুনামগঞ্জ	০৪	-	-

(ঠ) বাংলাদেশে স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা (১৭/০৪/২০২০খ্রিঃ):

বিষয়	২৪ ঘন্টায় সর্বশেষ পরিস্থিতি	গত ২১/০১/২০২০ থেকে অদ্যবধি
মোট স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা (জন)	২০৪	৬,৭১,০৮০
এ পর্যন্ত দেশের ৩টি আন্তর্জাতিক বিমান বন্দরে বিদেশ থেকে আগত স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা (জন)	৩০	৩,২২,৯০৪
দু'টি সমূদ্র বন্দরে (চট্টগ্রাম সমুদ্র বন্দর ও মংলা সমূদ্র বন্দর) স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা (জন)	৮৮	১৩,৮৬৪
ঢাকা ক্যান্টনমেন্ট ও বেনাপোল রেলওয়ে স্টেশনে স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা (জন)	০	৭,০২৯
অন্যান্য চালু স্থলবন্দরগুলোতে স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা (জন)	৮৬	৩,২৭,২৮৩

৩। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কার্যক্রমঃ

(ক) করোনা ভাইরাস পরিস্থিতি মোকাবিলার জন্য ৬৪টি জেলায় ১৬/০৪/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত শিশু খাদ্যসহ অন্যান্য সামগ্রী ক্রয়ের জন্য ৪১ কোটি ৫ লক্ষ ৭২ হাজার ২৬৪ টাকা জিআর (ক্যাশ) নগদ এবং ৮৫ হাজার ৬৭ মেঃ টন জিআর চাল জেলা প্রশাসকের অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দের বিস্তারিত ৩ (ঝ) তে প্রদান করা হয়েছে।

(খ) নোভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতির পরিপ্রেক্ষিতে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ৫৫ জন কর্মকর্তাকে বিভাগ/জেলাওয়ারী ত্রাণ কার্যক্রম মনিটরিং এর দায়িত্ব প্রদান করা হয়েছে।

(গ) বাংলাদেশ সরকার মালদ্বীপে অবস্থানরত অভিবাসী বাংলাদেশী কর্মীদের কোভিড-১৯ এর পরিপ্রেক্ষিতে উদ্ভুত মানবতের পরিস্থিতি লাঘবে নিম্নোক্ত ত্রাণসামগ্রী প্রেরণ করেছেঃ

ক্রঃ নং	ত্রাণসামগ্রীর নাম	ত্রাণসামগ্রীর পরিমান
১	চাল	৪০ (চল্লিশ) মেঃ টন
২	আলু	১০ (দশ) মেঃ টন
৩	মিষ্টি আলু	১০ (দশ) মেঃ টন
৪	ডাল (মশুর)	১০ (দশ) মেঃ টন
৫	পেঁয়াজ	৫ (পাঁচ) মেঃ টন
৬	ডিম	৫ (পাঁচ) মেঃ টন
৭	সবজি	৫ (পাঁচ) মেঃ টন

(ঘ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক মোড়ক/প্যাকেট/বস্তায় ত্রাণ সামগ্রী ও শিশু খাদ্য বিতরণ নিশ্চিতকরণ সংক্রান্ত নিম্নোক্ত নির্দেশনাবলী সকল জেলা প্রশাসককে প্রদান করা হয়েছেঃ

করেনা ভাইরাস মোকাবিলায় মানবিক সহায়তা হিসেবে ত্রাণ সামগ্রী ও শিশু খাদ্য বরাদ্দ প্রদান করা হচ্ছে। বরাদ্দকৃত ত্রাণ সামগ্রী ও শিশু খাদ্য প্রয়োজন অনুযায়ী জেলা প্রশাসনগণ কর্তৃক সংশ্লিষ্ট প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)/উপজেলা নির্বাহী অফিসার (সকল) এর

নিকট উপ-বরাদ্দ প্রদান করা হয়। পরবর্তীতে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর/ইউপি চেয়ারম্যানের অনুকূলে সরকারী আদেশ জারি করা হয়। উক্ত ত্রাণ সামগ্রী ও শিশু খাদ্য বিতরণে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে ইতোপূর্বে অত্র মন্ত্রণালয় হতে জারিকৃত সকল বিধি-বিধানের সাথে নিম্নোক্ত নির্দেশনাসমূহ বাধ্যতামূলকভাবে প্রতিপালন করতে হবেঃ

১. ত্রাণ সামগ্রী ও শিশু খাদ্য মোড়ক/প্যাকেট/বস্তায় বিতরণ করতে হবে;

২. মোড়ক/ প্যাকেটে মাননীয় প্রধানমন্ত্রীর সরকারি ছবিসহ "মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার" এবং বস্তায় মাননীয় প্রধানমন্ত্রীর ছবি ব্যতীত শুধুমাত্র "মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার" লিখতে হবে;

৩. মোড়ক/প্যাকেট/বস্তার গায়ে "গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার" সম্বলিত গোল সীল ব্যবহার করতে হবে;

৪. ত্রাণ সামগ্রী ও শিশু খাদ্য উত্তোলন এবং বিতরণে সংশ্লিষ্ট ট্যাগ অফিসারগণ সার্বক্ষণিকভাবে উপস্থিত থাকবেন। এ ক্ষেত্রে কোন প্রকার ব্যতয় ঘটানো যাবে না।

(ঙ) সারাদেশে করোনা ভাইরাসের কারণে যে সকল কর্মজীবি মানুষ কর্মহীন হয়ে খাদ্য সমস্যায় আছে তাদের মধ্যে ত্রাণ বিতরণের ক্ষেত্রে করনীয় বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা এ মন্ত্রণালয় হতে পত্রের মাধ্যমে সকল জেলা প্রশাসকসহ সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানকে অবহিত করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর যে সকল নির্দেশনা সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়েছে তা নিম্নরুপঃ

- সারাদেশে করোনা ভাইরাসের কারণে যে সকল কর্মজীবি মানুষ কর্মহীন হয়ে খাদ্য সমস্যায় আছে সে সকল কর্মহীন লোক (যেমন- রাস্তায় ভাসমান মানুষ, প্রতিবন্ধী, বয়স্ক ব্যক্তি, ভিক্ষুক, ভবঘুরে, দিন মজুর, রিক্সা চালক, ভ্যান গাড়ী চালক, পরিবহণ শ্রমিক, রেষ্টুরেন্স শ্রমিক, ফেরীওয়ালা, চা শ্রমিক, চায়ের দোকানদার) যারা দৈনিক আয়ের ভিত্তিতে সংসার চালায় তাদের তালিকা প্রস্তুত করে ত্রান বিতরণ করতে হবে।
- যারা লাইনে দাঁড়িয়ে ত্রাণ নিতে সংকোচ বোধ করেন তাদের আলাদা তালিকা প্রস্তুত করে বাসা/ বাড়ীতে খাদ্য সহায়তা পৌছেঁ দিতে হবে।
- সিটি কর্পোরেশন /পৌরসভা/ ইউনিয়ন পর্যায়ে ওয়ার্ড ভিত্তিক নির্মাণ ও কৃষি শ্রমিকসহ উপরে উল্লিখিত উপকারভোগীদের তালিকা প্রস্তুত করে খাদ্য সহায়তা প্রদান অব্যাহত রাখতে হবে।
- স্থানীয় পর্যায়ে বিত্তশালী ব্যক্তি/ সংগঠন/এনজিও কোন খাদ্য সহায়তা প্রদান করলে জেলা প্রশাসকগণ কর্তৃক প্রস্তুতকৃত তালিকার সাথে সমন্বয় করবেন যাতে দ্বৈততা পরিহার করা যায় এবং কোন উপকারভোগী যেন বাদ না পড়ে।
- ত্রাণ বিতরণ কার্যক্রম সুষ্ঠু ও স্বচ্ছ করার লক্ষ্যে জেলা/ উপজেলা/ ইউনিয়ন/ ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সহায়তা গ্রহণ করা যেতে পারে।
- ত্রাণ বিতরণের সময় সামাজিক দূরত্ব ও স্বাস্থ্য বিধি অবশ্যই মানতে হবে।

(চ) দেশের করোনা ভাইরাস পরিস্থিতি মোকাবেলার লক্ষ্যে চিকিৎসা, কোয়ারেন্টাইন, আইনশৃঙ্খলা, ত্রাণ বিতরণ ও দূর্নীতিসহ বিভিন্ন বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী ৩১ দফা নির্দেশনা প্রদান করেছেন। মন্ত্রিপরিষদ বিভাগের ০৩/০৪/২০২০ খ্রিঃ তারিখের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৪.১৬.০০২.২০.৭৬ এর মাধ্যমে জারীকৃত এসব নির্দেশনাসমূহের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় সম্পর্কিত ০৭ (সাত) টি নির্দেশনা রয়েছে। এ সকল নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য এ মন্ত্রণালয় হতে সংশ্লিষ্ট সকলকে পত্রের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর আলোচ্য ০৭ (সাত) টি নির্দেশনা নিম্নরূপঃ

১. ত্রাণ কাজে কোন ধরণের দুনীতি সহ্য করা হবে না;

২. দিনমজুর, শ্রমিক, কৃষক যেন অভুক্ত না থাকে। তাদের সাহায্য করতে হবে। খেটে খাওয়া দরিদ্র জনগোষ্ঠীর জন্য অতিরিক্ত তালিকা তৈরি করতে হবে;

৩. সোস্যাল সেফটি-নেট কার্যক্রম অব্যাহত থাকবে;

৪. সরকারের পাশাপাশি সমাজের বিত্তশালী ব্যক্তি ও প্রতিষ্ঠান জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের সংগে সমন্বয় করে ত্রাণ ও স্বাস্থ্যসেবা কার্যক্রম পরিচালনা করবে;

৫. জনপ্রতিনিধি ও উপজেলা প্রশাসন ওয়ার্ডভিত্তিক তালিকা প্রণয়ন করে দুঃস্থদের মধ্যে খাবার বিতরণ করবে;

৬. সমাজের সবচেয়ে পিছিয়ে পড়া জনগোষ্ঠী যেমন- কৃষি শ্রমিক, দিনমজুর, রিক্সা/ভ্যান চালক, পরিবহণ শ্রমিক, ভিক্ষুক, প্রতিবন্ধী, পথশিশু, স্বামী পরিত্যাক্তা/বিধবা নারী এবং হিজরা সম্প্রদায়ের প্রতি বিশেষ নজর রাখাসহ ত্রাণ সহায়তা প্রদান নিশ্চিত করতে হবে;

৭. দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলী (এসওডি) যথাযথভাবে প্রতিপালনের জন্য সব সরকারী কর্মচারী ও স্বেচ্ছাসেবী সংগঠনের প্রতি আহ্বান জানানো যাচ্ছে।

(ছ) নভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতির প্রেক্ষিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত ছুটি কালীন সময়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের জরুরী দাপ্তরিক কার্যাদি সম্পাদনের জন্য এবং এনডিআরসিসি'র কার্যক্রম সমন্বয়ের জন্য প্রতিদিন মন্ত্রণালয়ের ১০ জন অতিরিক্ত সচিবের নেতৃত্বে নির্ধারিত কর্মকর্তা/কর্মচারীরা দায়িত্ব পালন করছেন। এনডিআরসিসি'র কার্যক্রম যথারিতি অব্যাহত রয়েছে। এনডিআরসিসি থেকে দিনে ৩ ঘন্টা পর পর করোনা ভাইরাস সম্পর্কিত প্রতিবেদন প্রকাশ করাসহ সংশ্লিষ্টদের অবহিত করা হচ্ছে।

(জ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের করোনা ভাইরাস বিস্তার প্রতিরোধে গৃহীত অন্যান্য কার্যক্রঃ

১। চীন হতে প্রত্যাগত ০১/০২/২০২০ হতে ১৬/০২/২০২০খ্রিঃ তারিখ পর্যন্ত কোয়ারেন্টাইনে রাখা ৩১২ জনের মধ্যে খাবার, বিছানাপত্রসহ প্রয়োজনীয় ব্যবহার্য সামগ্রী সরবরাহ করা হয়েছে। একই পদ্ধতিতে ১৪/০৩/২০২০ ও ১৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে ইতালি থেকে প্রত্যাগত প্রবাসী নাগরিকদের যথাক্রমে ১৫০, ১৭০ ও ২৪৮ জনের মধ্যে খাবার সরবরাহসহ অন্যান্য ব্যবহার্য লজিস্টিক সার্পোট প্রদান করা হয়েছে।

২। স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক গঠিত জাতীয় কমিটিতে গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করা হচ্ছে।

৩। রোহিঙ্গা ও জেনেভো ক্যাম্প এবং বস্তিসমূহে হ্যান্ড স্যানিটাইজার বিতরণসহ করোনা ভাইরাস সম্পর্কে সচেতন করা হচ্ছে।

৪। দুর্যোগ ব্যবস্থাপনায় নিয়োজিত সিপিপি, আরবান ভলান্টিয়ার, বাংলাদেশ স্কাউটসহ অন্যান্য ভলান্টিয়ারদেরকে সচেতনমূলক কাজে নিজস্ব স্বাস্থ্যবিধি মেনে সতর্কতার সাথে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে।

৫। সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্বেচ্ছাসেবকদের মাধ্যমে জনগণের মধ্যে লিফলেট বিতরণ করা হচ্ছে।

৬। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগ ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়কে হ্যান্ড স্যানিটাইজার প্রস্তুতে সহায়তা করা হচ্ছে।

৭। দেশের সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণে মন্ত্রণালয় কর্তৃক কমিটি গঠন ও কার্যক্রম চলমান রয়েছে।

৮। চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় মুহূর্তে মানবিক সহায়তা কার্যক্রম পরিচালনার জন্য প্রস্তুতি রয়েছে।

৯। দেশের বিভিন্ন বিভাগ, জেলা, উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যন্ত সচেতনা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিকে অনুরোধ করা হয়েছে।

১০। স্বেচ্ছাসেবকদের নিরাপত্তার বিষয়টি বিবেচনায় রেখে পিপিই (personal protection equipment) সংগ্রহ করা হচ্ছে।

১১। গত ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখ বিকাল ৪.০ টায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ডা. মোঃ এনামুর রহমান, এমপি'র সভাপতিত্বে জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় গ্রুপের একটি সভা এ মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়েছে। দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলী (SOD) এর ৩য় অধ্যায়ের অনুচ্ছেদ ৩.১.৭-এ বর্ণিত ১৭ সদস্য বিশিষ্ট জাতীয় দুর্যোগ সাড়াদান গ্রুপের দায়িত্ব ও কার্যাবলীর ১৮ নম্বর ক্রমিকের নির্দেশনার আলোকে বিশ্বব্যাপী কভিড-১৯ বিস্তার লাভ করায় এবং একে বিশ্ব মহামারী ঘোষণা করায় এ সভা আহ্বান করা হয়। সভায় এ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগের সচিব, পানিসম্পদ মন্ত্রণালয়ের সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সচিব, আইএমইডি'র সচিবসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(১) প্রতিটি জেলায় ডেডিকেটেড হসপিটালসহ প্রয়োজনীয় বিশেষজ্ঞ, ডাক্তার, নার্স, ড্রাইভার, এ্যম্বুলেন্স, ব্যক্তিগত নিরাপত্তা

সরঞ্জাম (পিপিই) ব্যবস্থা রাখতে হবে।

(২) মানবিক সহয়তা বিতরণের ক্ষেত্রে আইন শৃংখলা রক্ষার্থে পূর্বহ্নে পুলিশ বিভাগকে অবহিত করতে হবে।

(৩) করোনা ভাইরাস মোকাবিলায় সম্পদ, সেবা জরুরী আশ্রয়কেন্দ্র হিসেবে চিহ্নিত ভবন, যানবহন বা অন্যান্য সুবিধা হুকুম দখল
বা রিকুজিশনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে রাখতে হবে।

(৪) করোনা ভাইরাস যেহেতু সংক্রামক ব্যধি সেহেতু ধ্বংসাবশেষ, বর্জ্য অপসারণ, মৃতদেহ ব্যবস্থাপনা, মানবিক সহায়তা ব্যবস্থাপনা, স্বাস্থ্য এবং আশ্রয়কেন্দ্র প্রত্যেকটি ক্ষেত্রে স্বাস্থ্য মন্ত্রণালয়ের গাইডলাইন অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

(৫) জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নিম্নোক্ত সংবাদটি ব্যপক প্রচারের ব্যবস্থা গ্রহণ।

ব্রেকিং নিউজ
ক) মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশ অনুযায়ী স্থানীয় জনপ্রতিনিধি ও স্থানীয় প্রশাসন আপনার পাশে আছেন, প্রয়োজনীয় খাদ্য সহায়তার জন্য যোগাযোগ করুন। খ) সামাজিক দূরত্ব বজায় রাখুন। গ) অতি প্রয়োজন ব্যতিত ঘরের বাহিরে যাওয়া থেকে বিরত থাকুন। ঘ) স্বাস্থ্য বিধি মেনে চলুন। প্রচারেঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

(ঝ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণায় কর্তৃক গৃহীত মানবিক সহায়তা কার্যক্রমঃ

(১) করোনা ভাইরাস পরিস্থিতি মোকাবিলার জন্য বরাদ্দকৃত মানবিক সহায়তার বিবরণ (১৬/০৪/২০২০ খ্রিঃ তারিখ):

ক্রঃনং	জেলার নাম	ক্যাটাগরি	১৩-০৪-২০২০ তারিখ পর্যন্ত ত্রাণ কার্য (চাল) বরাদ্দ (মেঃটন)	১৬-০৪-২০২০ তারিখে করোনা ভাইরাসে বিশেষ বরাদ্দ ত্রাণ কার্য (চাল) (মেঃটন)		১৩-০৪-২০২০ তারিখ পর্যন্ত ত্রাণ কার্য (নগদ) বরাদ্দ (টাকা)	১৬-০৪-২০২০ তারিখে করোনা ভাইরাসে বিশেষ বরাদ্দ ত্রাণ কার্য (নগদ) (টাকা)		১৩-০৪-২০২০ তারিখ পর্যন্ত শিশু খাদ্য ক্রয় বাবদ অর্থ বরাদ্দের পরিমাণ (টাকা)	১৬-০৪-২০২০ তারিখে করোনা ভাইরাসে বিশেষ বরাদ্দ শিশু খাদ্য ক্রয় বাবদ অর্থ বরাদ্দের পরিমাণ (টাকা))
১	ঢাকা (মহানগরীসহ)	বিশেষ শ্রেণী	২১০৩	উত্তর-২০০ দক্ষিণ-২০০ জেলা-১০০	৫০০	১১৫৯৯৫০০	ঢাকা উত্তরঃ ৮০০০০০ ঢাকা দক্ষিণঃ ৮০০০০০ জেলার জন্যঃ ৪০০০০০	২০০০০০০	৯০০০০০	৩০০০০০
২	গাজীপুর (মহানগরীসহ)	বিশেষ শ্রেণী	১৪১৪	সিটিকর্পোঃ১৫০ জেলা-১০০	২৫০	৬২৬২০০০	গাজীপুর সিটিঃ ৬০০০০০ জেলার জন্যঃ ৪০০০০০	১০০০০০০	৯০০০০০	৩০০০০০
৩	ময়মনসিংহ (মহানগরীসহ)	বিশেষ শ্রেণী	১৫৫৬	সিটিঃ ৮০ জেলা-১৭০	২৫০	৫৮৯২৫০০	সিটি কর্পোঃ ৩২০০০০ জেলার জন্যঃ ৬৮০০০০	১০০০০০০	৯০০০০০	৩০০০০০
৪	ফরিদপুর	A শ্রেণী	১১৫৭		১৫০	৫০৫৪০০০		৮০০০০০	৯০০০০০	৩০০০০০
৫	কিশোরগঞ্জ	A শ্রেণী	১৩৯৪		১৫০	৫৩০০০০০		৮০০০০০	৯০০০০০	৩০০০০০

৬	নেত্রকোনা	A শ্রেণী	১৫৩৫		১৫০	৫১০১০০০		৮০০০০০	৯০০০০০	৩০০০০০
৭	টাংগাইল	A শ্রেণী	১১৯৪		১৫০	৫০৫০০০০		৮০০০০০	৯০০০০০	৩০০০০০
৮	নরসিংদী	B শ্রেণী	৮২০		১০০	৩৮০৫০০০		৬০০০০০	৬০০০০০	২০০০০০
৯	মানিকগঞ্জ	B শ্রেণী	৯৪৭		১০০	৩৭৭৭০০০		৬০০০০০	৬০০০০০	২০০০০০
১০	মুন্সিগঞ্জ	B শ্রেণী	৯৩৫		১০০	৩৮৫৫০০০		৬০০০০০	৬০০০০০	২০০০০০
১১	নারায়নগঞ্জ (মহানগরীসহ)	B শ্রেণী	১৫৩৫	সিটিঃ ৮০ জেলা-১৭০	২৫০	৫৯৫৫০০০	সিটি কর্পোঃ ৩২০০০০ জেলার জন্যঃ ৬৮০০০০	১০০০০০০	৬০০০০০	২০০০০০
১২	গোপালগঞ্জ	B শ্রেণী	১০১২		১০০	৪৩৭৪০০০		৬০০০০০	৬০০০০০	২০০০০০
১৩	জামালপুর	B শ্রেণী	১০৪৪		২০০	৩৯৬০০০০		৬০০০০০	৬০০০০০	২০০০০০
১৪	শরীয়তপুর	B শ্রেণী	৮৯৮		১০০	৩৮৮৫০০০		৬০০০০০	৬০০০০০	২০০০০০
১৫	রাজবাড়ী	B শ্রেণী	৯০৭		১০০	৩৯৪৫০০০		৬০০০০০	৬০০০০০	২০০০০০
১৬	শেরপুর	B শ্রেণী	৯২৪		১০০	৪০৩০০০০		৬০০০০০	৬০০০০০	২০০০০০
১৭	মাদারীপুর	C শ্রেণী	৮৬৫		১০০	২৮০০০০০		৪০০০০০	৫০০০০০	২০০০০০
১৮	চট্রগ্রাম (মহানগরীসহ)	বিশেষ শ্রেণী	১৯৩২	সিটিঃ ১০০ জেলা-২০০	৩০০	৬৮৫০০০০	সিটি কর্পোঃ ৩৩০০০০ জেলার জন্যঃ ৬৭০০০০	১০০০০০০	৯০০০০০	৩০০০০০
১৯	কক্সবাজার	A শ্রেণী	১১৪৫		১৫০	৪৯৫২৫০০		৮০০০০০	৯০০০০০	৩০০০০০
২০	রাংগামাটি	A শ্রেণী	১৪৬৩		১৫০	৫০৭০০০০		৮০০০০০	৯০০০০০	৩০০০০০
২১	খাগড়াছড়ি	A শ্রেণী	১১৬৫		১৫০	৫১০৫০০০		৮০০০০০	৯০০০০০	৩০০০০০
২২	কুমিল্লা (মহানগরীসহ)	A শ্রেণী	১৬১৩	সিটিঃ ১০০ জেলা-২০০	৩০০	৬১৫৫০০০	সিটি কর্পোঃ ৩৩০০০০ জেলার জন্যঃ ৬৭০০০০	১০০০০০০	৯০০০০০	৩০০০০০
২৩	ব্রাহ্মণবাড়িয়া	A শ্রেণী	১২৫০		১৫০	৫১০০০০০		৮০০০০০	৯০০০০০	৩০০০০০
২৪	চাঁদপুর	A শ্রেণী	১১৮৪		১৫০	৫০১০০০০		৮০০০০০	৯০০০০০	৩০০০০০
২৫	নোয়াখালী	A শ্রেণী	১১৭৬		১৫০	৫১০০০০০		৮০০০০০	৯০০০০০	৩০০০০০
২৬	ফেনী	B শ্রেণী	১৩৪৮		১০০	৪৯৯৮২৬৪		৬০০০০০	৬০০০০০	২০০০০০
২৭	লক্ষ্মীপুর	B শ্রেণী	১২০০		১০০	৪৩১৫০০০		৬০০০০০	৬০০০০০	২০০০০০
২৮	বান্দরবান	B শ্রেণী	৯৫২		১০০	৪০৪০০০০		৬০০০০০	৬০০০০০	২০০০০০
২৯	রাজশাহী (মহানগরীসহ)	বিশেষ শ্রেণী	১৬৯৮	সিটিঃ ৯০ জেলাঃ ১৬০	২৫০	৬০৩৭৫০০	সিটি কর্পোঃ ৩৬০০০০ জেলার জন্যঃ ৬৪০০০০	১০০০০০০	৯০০০০০	৩০০০০০
৩০	নওগাঁ	A শ্রেণী	১১৪২		১৫০	৫০৫৫০০০		৮০০০০০	৯০০০০০	৩০০০০০
৩১	পাবনা	A শ্রেণী	১১৩০		১৫০	৫১১০০০০		৮০০০০০	৯০০০০০	৩০০০০০
৩২	সিরাজগঞ্জ	A শ্রেণী	১৩০৩		১৫০	৪৮১০০০০		৮০০০০০	৯০০০০০	৩০০০০০
৩৩	বগুড়া	A শ্রেণী	১২৬৮		১৫০	৫৬৩০০০০		৮০০০০০	৯০০০০০	৩০০০০০
৩৪	নাটোর	B শ্রেণী	৮৫৫		১০০	৩৮১৫০০০		৬০০০০০	৬০০০০০	২০০০০০
৩৫	চাঁপাইনবাবগঞ্জ	B শ্রেণী	৮৪৮		১০০	৪১০৫০০০		৬০০০০০	৬০০০০০	২০০০০০
৩৬	জয়পুরহাট	B শ্রেণী	৮৯৬		১০০	৩৮০০০০০		৬০০০০০	৬০০০০০	২০০০০০
৩৭	রংপুর (মহানগরীসহ)	A শ্রেণী	১৭৮৫	সিটিঃ ১০০ জেলাঃ ১৫০	২৫০	৫৮৯৬৫০০	সিটি কর্পোঃ ৪০০০০০ জেলার জন্যঃ ৬০০০০০	১০০০০০০	৯০০০০০	৩০০০০০
৩৮	দিনাজপুর	A শ্রেণী	১১৭৬		১৫০	৫১৯৪০০০		৮০০০০০	৯০০০০০	৩০০০০০
৩৯	কুড়িগ্রাম	A শ্রেণী	১২০৮		১৫০	৫০৪০০০০		৮০০০০০	৯০০০০০	৩০০০০০
৪০	ঠাকুরগাঁও	B শ্রেণী	৯৪৮		১০০	৩৮৮৯০০০		৬০০০০০	৬০০০০০	২০০০০০
৪১	পঞ্চগড়	B শ্রেণী	১০৭১		১০০	৩৮৪৫০০০		৬০০০০০	৬০০০০০	২০০০০০
৪২	নীলফামারী	B শ্রেণী	৯৮১		১০০	৩৮০৬০০০		৬০০০০০	৬০০০০০	২০০০০০
৪৩	গাইবান্ধা	B শ্রেণী	৯০৯		১০০	৩৯৩৫০০০		৬০০০০০	৬০০০০০	২০০০০০
৪৪	লালমনিরহাট	B শ্রেণী	৯১২		১০০	৩৮১২৫০০		৬০০০০০	৬০০০০০	২০০০০০

৪৫	খুলনা (মহানগরীসহ)	বিশেষ শ্রেণী	১৭৪০	সিটিঃ ১০০ জেলাঃ ১৫০	২৫০	৫৮৫৭০০০	সিটি কর্পোঃ ৪০০০০০ জেলার জন্যঃ ৬০০০০০	১০০০০০০	৯০০০০০	৩০০০০০
৪৬	বাগেরহাট	A শ্রেণী	১৫৪৩		১৫০	৫১৫০০০০		৮০০০০০	৯০০০০০	৩০০০০০
৪৭	যশোর	A শ্রেণী	১১৯৪		১৫০	৫০২৭০০০		৮০০০০০	৯০০০০০	৩০০০০০
৪৮	কুষ্টিয়া	A শ্রেণী	১০৭০		১৫০	৫০০০০০০		৮০০০০০	৯০০০০০	৩০০০০০
৪৯	সাতক্ষীরা	B শ্রেণী	৯০০		১০০	৩৮৫০০০০		৬০০০০০	৬০০০০০	২০০০০০
৫০	ঝিনাইদহ	B শ্রেণী	৯২৮		১০০	৩৮১৬০০০		৬০০০০০	৬০০০০০	২০০০০০
৫১	মাগুরা	C শ্রেণী	৭৩৫		১০০	২৮৫৪৫০০		৪০০০০০	৫০০০০০	২০০০০০
৫২	নড়াইল	C শ্রেণী	৮১১		১০০	২৮৪৬৫০০		৪০০০০০	৫০০০০০	২০০০০০
৫৩	মেহেরপুর	C শ্রেণী	৯৪১		১০০	২৭৭৫০০০		৪০০০০০	৫০০০০০	২০০০০০
৫৪	চুয়াডাংগা	C শ্রেণী	৮৮৩		১০০	২৭৪৯৫০০		৪০০০০০	৫০০০০০	২০০০০০
৫৫	বরিশাল (মহানগরীসহ)	A শ্রেণী	১৪৯৫	সিটিঃ ৬০ জেলাঃ ১৯০	২৫০	৫৮৫৬০০০	সিটি কর্পোঃ ২৪০০০০ জেলার জন্যঃ ৭৬০০০০	১০০০০০০	৯০০০০০	৩০০০০০
৫৬	পটুয়াখালী	A শ্রেণী	১১৫৬		১৫০	৫১০০০০০		৮০০০০০	৯০০০০০	৩০০০০০
৫৭	পিরোজপুর	B শ্রেণী	৯৮৯		১০০	৪২৭৪০০০		৬০০০০০	৬০০০০০	২০০০০০
৫৮	ভোলা	B শ্রেণী	৯৭৭		১০০	৩৬২৫০০০		৬০০০০০	৬০০০০০	২০০০০০
৫৯	বরগুনা	B শ্রেণী	৯০৮		১০০	৩৬৫০০০০		৬০০০০০	৬০০০০০	২০০০০০
৬০	ঝালকাঠি	C শ্রেণী	৮৩৩		১০০	২৬৯১৫০০		৪০০০০০	৫০০০০০	২০০০০০
৬১	সিলেট (মহানগরীসহ)	A শ্রেণী	১৬২১	সিটিঃ ৭০ জেলাঃ ১৮০	২৫০	৫৯৬০০০০	সিটি কর্পোঃ ২৮০০০০ জেলার জন্যঃ ৭২০০০০	১০০০০০০	৯০০০০০	৩০০০০০
৬২	হবিগঞ্জ	A শ্রেণী	১৪২৫		১৫০	৫০২৪০০০		৮০০০০০	৯০০০০০	৩০০০০০
৬৩	সুনামগঞ্জ	A শ্রেণী	১২৪৫		১৫০	৫০১০০০০		৮০০০০০	৯০০০০০	৩০০০০০
৬৪	মৌলভীবাজার	B শ্রেণী	১২৭৫		১০০	৩৯৩৫০০০		৬০০০০০	৬০০০০০	২০০০০০
		মোট=	৭৫৪৬৭		৯,৬০০ (নয় হাজার ছয়শত) মেঃ টন	৩০০১৭২২৬৪		৪৭০০০০০০ (চার কোটি সত্তর লক্ষ) টাকা	৪৭৪০০০০০	১৬০০০০০০ (এক কোটি ষাট লক্ষ) টাকা

(সূত্র: ত্রাণ কর্মসূচী-১ শাখার ১৬/০৪/২০২০ খ্রিঃ তারিখের স্মারক নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০০৯.১৮.১৭২)

১৭-৪-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল: controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১১২/১(১৬৬)

তারিখ: ৪ বৈশাখ ১৪২৭ / ১৭ এপ্রিল ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

৪) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ

৬) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৭) বিভাগীয় কমিশনার (সকল)

৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৯) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

১০) জেলা প্রশাসক (সকল)

১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

১২) জেলা ত্রাণ ও পুর্ণবাসন কর্মকর্তা (সকল)

১৭-৪-২০২০
মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)